



জেলা পরিষদ, হবিগঞ্জ
www.zphabiganj.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

এককালীন বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

জেলা পরিষদ, হবিগঞ্জ কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে এককালীন বৃত্তি প্রদানের লক্ষে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শুধুমাত্র হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আগামী ৩০-০৪-২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ে আবেদন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে পৌঁছাতে হবে।

তথ্যাবলীঃ

- ১। শুধুমাত্র গরীব মেধাবী ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে। ধনী/ স্বচ্ছল পরিবারের সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।
- ২। ছাত্র-ছাত্রীকে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ৩। আবেদনকারীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা-২০২২খ্রিঃ সনে পাবলিক পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট এস.এস.সি/এইচ.এস.সি/সমমান বিজ্ঞান বিভাগে জিপিএ- ৫.০০ এবং অন্যান্য ক্ষেত্রে শুধুমাত্র জিপিএ- ৪.৫০ হতে হবে।
- ৪। কলেজ/মাদ্রাসা/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত এইচ.এস.সি/স্নাতক/স্নাতক সন্মান/ সমমানের শ্রেণীতে এবং মেডিকেল কলেজ, কৃষি কলেজ, ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চতর ডিগ্রী বা শ্রেণীতে শুধু মাত্র ১ম বর্ষে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবেন।
- ৫। মুক্তিযোদ্ধা পরিবারের ক্ষেত্রে সর্বশেষ সরকারী সিদ্ধান্ত মোতাবেক তাদের অভিভাবকের অনুকূলে ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৬। (ক) আবেদন পত্রের সাথে সর্বশেষ পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্র ও মার্কশীট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
(খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি।
(গ) জেলা কিংবা উপজেলা প্রশাসন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদপত্র।
(ঘ) আর্থিক অসচ্ছলতার প্রমাণ স্বরূপ আবেদন ফরমের ১২ নং কলামের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশ গ্রহণ যোগ্য হবে।
- ৭। ২০২২সালে উত্তীর্ণ ছাত্র/ছাত্রী যারা এখনো কোন প্রতিষ্ঠানে ভর্তি হতে পারেননি তারা তাদের সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আবেদন করতে পারবেন।
- ৮। আবেদনকারী নৃতাত্ত্বিক জনগোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৯। প্রতিবন্ধী কোটার আবেদনকারীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ১০। প্রাপ্ত দরখাস্ত সমূহ নির্ধারিত কমিটি কর্তৃক যাচাই বাছাই পূর্বক নির্ধারিত সংখ্যক বৃত্তি প্রদান করা হবে।
- ১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ১২। হবিগঞ্জ জেলা পরিষদের ওয়েবসাইটে www.zphabiganj.gov.bd প্রবেশ/বিজ্ঞপ্তি সহ আবেদন ফরম পাওয়া যাবে
- ১৩। সংযোজিত হয়নি এমন কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৪। শিক্ষা বৃত্তি প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৫। বৃত্তি প্রদানের ক্ষেত্রে দরিদ্র/মুক্তিযোদ্ধা পরিবার/প্রতিবন্ধী/নৃতাত্ত্বিক জনগোষ্ঠীদের অগ্রাধিকার দেয়া হবে।

(নূরুল ইসলাম)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, হবিগঞ্জ

ফোন : ০২৯৯৬৬০৫৯১১

E-mail : zphabiganj@gmail.com

স্মারক নং : ৪৬.৬০.৩৬০০.০০১.৪৩.০৫৯.১৬-৮২

তারিখ : ১৫-০৩-২০২৩খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে এবং বহল প্রচারের জন্যঃ-

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৪। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০৫। পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার -----(সকল) হবিগঞ্জ।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
- ০৯। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর/দৈনিক হবিগঞ্জের মুখ, হবিগঞ্জ স্বল্প পরিসরে (৩ কলাম X ৮ ইঞ্চি) প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১০। চেয়ারম্যান এর গোপনীয় সহকারী, জেলা পরিষদ, হবিগঞ্জ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।



জেলা পরিষদ কার্যালয়

হবিগঞ্জ।

www.zphabiganj.gov.bd

ছবি

শুধুমাত্র গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তির আবেদন

ক্রমিক নং-

১. ছাত্র/ছাত্রীর পুরো নামঃ.....
২. পিতার নামঃ.....
৩. মাতার নামঃ.....
৪. পিতা/অভিবাবকের পেশাঃ.....
৫. মাতার পেশাঃ.....
৬. পরিবারের বার্ষিক আয়ঃ.....
৭. স্থায়ী ঠিকানাঃ গ্রাম/মহল্লাঃ..... ডাকঘরঃ.....
উপজেলাঃ.....জেলা-হবিগঞ্জ।
৮. বর্তমান ঠিকানাঃ গ্রাম/মহল্লাঃ..... ডাকঘরঃ.....
উপজেলাঃ.....জেলা-হবিগঞ্জ। মোবাইলঃ.....
৯. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ.....
১০. অধ্যয়নরত শ্রেণীঃ..... বিভাগঃ..... রোলঃ..... বর্ষঃ.....
১১. সর্বশেষ পরীক্ষায় প্রাপ্ত জিপিএ/বিভাগঃ.....

তারিখঃ.....

দরখাস্তকারী ছাত্র-ছাত্রীর স্বাক্ষর

১২. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশঃ.....

তারিখঃ.....

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর

সংযুক্তঃ

১. সর্বশেষ পরীক্ষা পাশ সনদ ও নম্বরপত্রের সত্যায়িত কপি।
২. সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি।
৩. জেলা কিংবা উপজেলা প্রশাসন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র।
৪. মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ সরকারী সিদ্ধান্ত মোতাবেক তাদের অভিভাবকের অনুকূলে ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।